বাংলাদেশ সুপ্রীম কোর্ট
হাইকোর্ট বিভাগ, ঢাকা
(বিচার শাখা)
www.supremecourt.gov.bd

স্মারক নং-১জে-১০/১৭ (অংশ-২)- ৬৫৫৬ - জে, তারিখ: ১২ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ২৭ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: চট্টগ্রাম জজশীপে ১ম অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতে কর্মরত "অফিস সহায়ক" জনাব মোঃ শাহ্ আলম-এর মেয়ের দুরারোগ্য ব্যাধি ব্লাড ক্যান্সার রোগের চিকিৎসার ব্যয় নির্বাহের জন্য আর্থিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।**

সূত্র: জেলা জজ-এর কার্যালয়, চট্টগ্রাম। স্মারক নং-৪১০/প্র.বি. তারিখ: ০৮.০৭.২০২৫ খ্রি

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ শাহ্ আলম বর্তমানে ১ম অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালত, চট্টগ্রামে অফিস সহায়ক পদে কর্মরত আছেন। তার পরিবারে তিনি একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি। তার স্ত্রী ও চার কন্যা সন্তান রয়েছে। তার সর্বকনিষ্ঠ কন্যা ৯ (নয়) বছর বয়স এবং সে বর্তমানে চতুর্থ শ্রেণীতে অধ্যয়নরত। গত ২০২৪ সালে তার মেয়ে Blood Cancer-এ আক্রান্ত হয়। Lab Test করার পর HAEMATOLOGY REPORT-এ তার শরীরে Haemoglobin 6.1, White Blood Cells 53.0, Red Blood Cells 2.05, Platelets 80, Atypical Cells 80 পাওয়া যায়। তাছাড়া BONE MARROW EXAMINATION REPORT-এ বৈশিষ্ট্য সমূহ Acute Lymphoblastic Leukemia (ALL) মর্মে উল্লেখ করা হয়েছে। এ রোগের চিকিৎসা প্রদান অত্যন্ত ব্যয়বহুল। রোগ নির্ধারণ হতে শুরু করে বিভিন্ন পরীক্ষাসহ এ যাবত চিকিৎসা বাবদ তার আনুমানিক ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হয়েছে। এ অর্থ জোগাড় করতে গিয়ে সে বর্তমানে ঋণের ভারে চাপা পড়ে আছেন। ভবিষ্যতে তার মেয়েকে এই মরণ ব্যাধি থেকে বাঁচানোর জন্য চিকিৎসা বাবদ আরো প্রচুর অর্থের প্রয়োজন। তিনি একজন সামান্য অফিস সহায়ক হওয়ায় তার পক্ষে বিপুল এই চিকিৎসার ব্যয়ভার বহন করা একেবারেই অসাধ্য হয়ে পড়েছে বিধায় আর্থিক সাহায্যের প্রার্থনা জানিয়েছেন।

০২। এমতাবস্থায়, চট্টগ্রাম জজশীপে ১ম অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালতে কর্মরত "অফিস সহায়ক" জনাব মোঃ শাহ্ আলম-এর মেয়ের দুরারোগ্য ব্যাধি ব্লাড ক্যান্সার রোগের ব্যয়বহুল সুচিকিৎসার জন্য আর্থিক সাহায্যের আবেদনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। একই সাথে আপনার অধীনস্থ একজন কর্মকর্তা-কে এতদ্উদ্দেশ্যে দায়িত্ব প্রদানক্রমে এ সংক্রান্ত কার্যক্রম সমন্বয় করার জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ (দুই) ফর্দ।

স্বাক্ষরিত/-
(মুহাম্মদ হাবিবুর রহমান সিদ্দিকী)
রেজিস্ট্রার (বিচার)(ভারঃ)
ফোন: ০২২২৩৩৫৮৭৮০
ই-মেইল: registrar.judicial@supremecourt.gov.bd

সাহায্য পাঠানোর ঠিকানা:
মোঃ শাহ্ আলম
সোনালী ব্যাংক পি.এল.সি, কোর্ট হিল শাখা,চট্টগ্রাম।
একাউন্ট নং-১০০৭৪০১০০৭৭৪১
মোবাইল নং-০১৬২৫-৭৮১২১৪ (বিকাশ পার্সোনাল)

স্মারক নং-১জে-১০/১৭ (অংশ-২)- ৬৫৫৬ - জে, তারিখ: ১২ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ / ২৭ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা ও দায়রা জজ,------------------------------------------------------------------- (সকল)।
৩। মহানগর দায়রা জজ, ------------------------------------------------------------- (সকল)।
৪। বিভাগীয় বিশেষ জজ, বিভাগীয় বিশেষ জজ আদালত, --------------------------------(সকল)।
৫। বিচারক (জেলা জজ), নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, -------------------------- (সকল)।
৬। বিচারক (জেলা জজ), জননিরাপত্তা বিঘ্নকারী অপরাধ দমন ট্রাইব্যুনাল,-------- ------------ (সকল)।
৭। বিচারক (জেলা জজ), দ্রুত বিচার ট্রাইব্যুনাল,------------------------------------- (সকল)।
৮। বিচারক (জেলা জজ), সন্ত্রাস বিরোধী বিশেষ ট্রাইব্যুনাল, ------------------------------ (সকল)।
৯। সদস্য (জেলা জজ), প্রশাসনিক অ্যাপীলেট ট্রাইব্যুনাল, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
১০। সদস্য (জেলা জজ), প্রশাসনিক ট্রাইব্যুনাল,----------------------------------------- (সকল)।
১১। সদস্য (জেলা জজ), শ্রম আপীল ট্রাইব্যুনাল, ঢাকা।
১২। চেয়ারম্যান (জেলা জজ), শ্রম আদালত, -------------------------------------------- (সকল)।
১৩। স্পেশাল জজ (জেলা জজ), স্পেশাল জজ আদালত ---------------------------------(সকল)।

প্রযোজ্য ক্ষেত্রে প্রশাসনিক নিয়ন্ত্রণে কর্মরত সকল বিচার বিভাগীয় কর্মকর্তাকে বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ

১৪। বিচারক (জেলা ও দায়রা জজ), মানব পাচার অপরাধ দমন ট্রাইব্যুনাল, ...................... (সকল)।
১৫। বিচারক (জেলা জজ), সাইবার ট্রাইব্যুনাল, .................................................. (সকল)।
১৬। বিচারক ( জেলা জজ), পরিবেশ আপীল আদালত, ঢাকা।
১৭। সদস্য (জেলা জজ), কাস্টমস এক্সসাইজ ও ভ্যাট আপীলাত ট্রাইব্যুনাল,.................. (সকল)।
১৮। চেয়ারম্যান (জেলা জজ), ১ম/২য় কোর্ট অব সেটেলমেন্ট, সেগুন বাগিচা, ঢাকা।
১৯। চেয়ারম্যান (জেলা জজ), নিম্নতম মজুরী বোর্ড, তোপখানা রোড, ঢাকা।
২০। বিচারক (জেলা জজ), স্পেশাল ট্রাইব্যুনাল, সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, ঢাকা।
২১। সচিব (জেলা জজ), বাংলাদেশ বার কাউন্সিল, রমনা, ঢাকা।
২২। সদস্য (জেলা জজ), ট্যাকসেস অ্যাপীলেট ট্রাইব্যুনাল, দ্বৈত বেঞ্চ-৫, ঢাকা।
২৩। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা।
২৪। সচিব, বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিস কমিশন সচিবালয়, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৫। রেজিস্ট্রার, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল, পুরাতন হাইকোর্ট ভবন, ঢাকা।
২৬। পরিচালক (প্রশাসন), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইন্সটিটিউট, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৭। সচিব, আইন কমিশন, ১৫, কলেজ রোড, ঢাকা।
২৮। মহা-পরিচালক (লিগ্যাল এন্ড প্রসিকিউশন), দুর্নীতি দমন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
২৯। মহা-পরিদর্শক, (নিবন্ধন), নিবন্ধন পরিদপ্তর, ১৪, আঃ গণি রোড, ঢাকা।
৩০। যুগ্ম সচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩১। যুগ্ম সচিব (আইন প্রণয়ন), বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।
৩২। আইন উপদেষ্টা, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৩। আইন উপদেষ্টা (জেলা জজ), কাস্টমস হাউস, চট্টগ্রাম।
৩৪। উপ-সচিব (লিগ্যাল), প্রশাসন বিভাগ, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩৫। পরিচালক (অভিযোগ ও তদন্ত), জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা।
৩৬। আইন কর্মকর্তা, পুলিশ হেডকোয়ার্টারস, ঢাকা।
৩৭। চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট,-----------------------------------------------------------(সকল)।
৩৮। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট,-------------------------------------------------------(সকল)।
৩৯। আইন কর্মকর্তা, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪০। আইন কর্মকর্তা, বর্ডার গার্ড বাংলাদেশ, ঢাকা।
৪১। রেজিস্ট্রার, প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল/শ্রম আপীল ট্রাইব্যুনাল.......(চেয়ারম্যান মহোদয় সমীপে উপস্থাপনের অনুরোধসহ)।
৪২। আইন কর্মকর্তা, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, চট্টগ্রাম।
৪৩। রেজিস্ট্রার, পার্বত্য চট্টগ্রাম ভূমি বিরোধ নিষ্পত্তি কমিশন, খাগড়াছড়ি।
৪৪। মাননীয় প্রধান বিচারপতির সচিব/একান্ত সচিব, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৪৫। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪৬। অফিস কপি।

২৪.০৭.২২

(এস.এম.সাদাকাত মাহমুদ)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোন: ০২৫৫১১০৪৯৪

রেজিস্ট্রার জেনারেল এর কার্যালয়
প্রাপ্তি নং- ২১৪৩৫ তারিখঃ 14 JUL 2025

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা জজ-এর কার্যালয়, চট্টগ্রাম।
(প্রশাসনিক বিভাগ)

স্মারক নং- ৪১০/প্র. বি.

তারিখ ঃ ২৪ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ
০৮ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

প্রেরক ঃ মো: নুরুল ইসলাম
সিনিয়র জেলা ও দায়রা জজ, চট্টগ্রাম।

প্রাপক ঃ মাননীয় রেজিস্ট্রার জেনারেল
বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।

18 JUL 2025

বিষয় ঃ অত্র জজশীপের অধীনস্থ অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ১ম আদালত, চট্টগ্রাম-এ কর্মরত অফিস সহায়ক জনাব মো: শাহ আলম তাহার মেয়ের দুরারোগ্য ব্যধি ব্লাড ক্যান্সারের চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য সমগ্র বাংলাদেশ ব্যাপী আদালতসমূহ হইতে আর্থিক সহায়তা প্রদান সংক্রান্ত আবেদনপত্রখানা অগ্রবর্তীকরণ প্রসঙ্গে।

সূত্র: ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ, জেলা জজ আদালত, চট্টগ্রাম-এর স্মারক নং- ১৯৭/নে. বি.
তারিখ: ০৮/০৭/২০২৫ খ্রি.।

মহাত্মন,

যথাবিহিত সম্মান প্রদর্শনপূর্বক উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নিবেদন এই যে, অত্র জজশীপের অধীনস্থ অতিরিক্ত জেলা ও দায়রা জজ, ১ম আদালত, চট্টগ্রাম-এ কর্মরত অফিস সহায়ক জনাব মো: শাহ আলম তাহার মেয়ের দুরারোগ্য ব্যধি ব্লাড ক্যান্সারের চিকিৎসা ব্যয় নির্বাহের জন্য সমগ্র বাংলাদেশ ব্যাপী আদালতসমূহ হইতে আর্থিক সহায়তা প্রদানের সুব্যবস্থা গ্রহণের আবেদনপত্রখানা মহোদয়ের সমীপে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হইল।

আপনার একান্ত অনুগত

(মো: নুরুল ইসলাম)
সিনিয়র জেলা ও দায়রা জজ
চট্টগ্রাম।
০৮/০৭/২০২৫ খ্রি.।

সংযুক্ত ঃ
১। চিকিৎসা সংক্রান্ত কাগজপত্র- ০১(এক) সেট।

প্রাপক ঃ

মাননীয় জেলা ও দায়রা জজ
চট্টগ্রাম।

মাধ্যম ঃ ভারপ্রাপ্ত জজ, নেজারত বিভাগ, চট্টগ্রাম।

বিষয় ঃ আর্থিক সাহায্যের আবেদন প্রসঙ্গে।

মহোদয়,

সবিনয় বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী বর্তমানে ১ম অতিরিক্ত জেলা ও দায়রা জজ আদালত, চট্টগ্রামে অফিস সহায়ক পদে কর্মরত আছি। আমার পরিবারে আমি একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি। আমার স্ত্রী ও চার কন্যা সন্তান রয়েছে। আমার সর্বকনিষ্ঠ কন্যা ৯ বছর বয়স্ক এবং সে বর্তমানে চতুর্থ শ্রেণীতে অধ্যয়নরত। গত ২০২৪ সালে আমার মেয়ে Blood Cancer-এ আক্রান্ত হয়। Lab Test করার পর HAEMATOLOGY REPORT-এ তার শরীরে Haemoglobin 6.1, White Blood Cells 53.0, Red Blood Cells 2.05, Platelets 80, Atypical Cells 80 পাওয়া যায়। তাছাড়া BONE MARROW EXAMINATION REPORT-এ বৈশিষ্ট্য সমূহ Acute Lymphoblastic Leukemia (ALL) মর্মে উল্লেখ করা হয়েছে। এ রোগের চিকিৎসা প্রদান অত্যন্ত ব্যয়বহুল। রোগ নির্ধারণ হতে শুরু করে বিভিন্ন পরীক্ষা সহ এ যাবত চিকিৎসা বাবদ আমার আনুমানিক ২,৫০,০০০/- (দুই লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হয়েছে। এ অর্থ জোগাড় করতে গিয়ে আমি বর্তমানে ঋণের ভারে চাপা পড়ে আছি। ভবিষ্যতে আমার মেয়েকে এই মরণ ব্যাধি থেকে বাঁচানোর জন্য চিকিৎসা বাবদ আরো প্রচুর অর্থের প্রয়োজন। আমি একজন সামান্য অফিস সহায়ক হওয়ায় আমার পক্ষে বিপুল এই চিকিৎসার ব্যয়ভার বহন করা একেবারেই অসাধ্য হয়ে পড়েছে।

অতএব, মহোদয় সমীপে বিনীত নিবেদন এই যে, আমার ছোট কন্যা দুরারোগ্য ব্লাড ক্যান্সারে আক্রান্ত হওয়ায় তার ব্যয়বহুল চিকিৎসার ব্যয়ভার বহনের জন্য আমাকে আর্থিক সাহায্য প্রদানে প্রয়োজনীয় ব্যবস্থা করলে আমি ও আমার পরিবার সদস্যগণ মহোদয়ের নিকট আজীবন চিরকৃতজ্ঞ থাকব।

বিনীত নিবেদক

মোঃ শাহ আলম

(মো. শাহ আলম)
অফিস সহায়ক
১ম অতিরিক্ত জেলা জজ আদালত
চট্টগ্রাম।

সংযুক্তি ঃ

১। চিকিৎসা সংক্রান্ত কাগজাদি - ২ ফর্দ।

মোঃ শাহ আলম
অফিস সহায়ক
A/C. ১০০৭৪০১০০৭৭৪১
সোনালী ব্যাংক, কোর্ট হিল শাখা, চট্টগ্রাম।
মোবাইল-০১৬২৫-৭৮১২১৪